# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন ঃ ০২২২৩৩৮৬৯৩১, ৯৫৬০০২১-২৫, ৯৫৬০০৩১-৩৫

E-mail :dgmaccounts1@krishibank.org.bd


## কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

প্রকা/হিসাব-১/১১(১৬)(অংশ-২)/২০২৩-২০২৪/২২৬ তারিখঃ ২১.০৯.২০২৩ খ্রিঃ

১। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহ।

২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।

৩। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়: আয়কর আইন, ২০২৩ এর ১০২ ধারায় সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত ইত্যাদির উপর প্রদেয় সুদ/মুনাফা হতে উৎসে কর কর্তনের অধিক্ষেত্র, কর্তনের হার, কর্তনকৃত কর সরকারি কোষাগারে জমাদানের সময়, জমাদানের পদ্ধতি এবং জমাদানের ব্যর্থতার ফলাফল সংক্রান্ত আইন ও বিধি পরিপালন এবং বাস্তবায়ন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত কর কমিশনারের কার্যালয়, পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-১, ঢাকার ৩০ আগস্ট, ২০২৩ খ্রিঃ এর নথি নং ৪ই-১/উৎসে কর-১০২/কঅ-১/২০২৩-২০২৪/৮৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক পত্রে বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার জন্য পত্রটির হুবহু অনুলিপি প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০১(এক) মাত্র।

আপনার বিশ্বস্ত

২০.০৯.২০২৩

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

প্রকা/হিসাব-১/১১(১৬)(অংশ-২)/২০২৩-২০২৪/২২৬ তারিখঃ ঐ

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।

০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।

০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, ষ্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।

০৪। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকা কে অনুরোধ করা হলো।

০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৮। নথি/মহানথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত কর কমিশনারের কার্যালয়
পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-১, ঢাকা
২য় ১২ তলা সরকারী অফিস ভবন (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা

Mr. Nazmul
20.09.2023

নথি নং ৪ই-১/উৎসে কর-১০২/কঅ-১/২০২৩-২০২৪/ ৮২৫ তারিখ : ৩০ আগষ্ট, ২০২৩ খ্রিঃ

**বিষয় ঃ আয়কর আইন, ২০২৩ এর ১০২ ধারায় সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত ইত্যাদির উপর প্রদেয় সুদ/মুনাফা হতে উৎসে কর কর্তনের অধিক্ষেত্র, কর্তনের হার, কর্তনকৃত কর সরকারি কোষাগারে জমাদানের সময়, জমাদানের পদ্ধতি এবং জমাদানে ব্যর্থতার ফলাফল সংক্রান্ত আইন ও বিধি পরিপালন এবং বাস্তবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় রাজস্ব বোর্ডের নথি: ০৮.০১.০০০০.০২৭.০৭.০০২.২০(অংশ-২)/৫৯৪, তারিখঃ ২০/০৮/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত অধিক্ষেত্র আদেশ মোতাবেক কোন ব্যাংক (বাংলাদেশ ব্যাংক ব্যতীত) বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সমগ্র বাংলাদেশের সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত ইত্যাদির উপর প্রদেয় সুদ/মুনাফা হতে আয়কর আইন, ২০২৩ এর ১০২ ধারায় উৎসে কর্তিত বা সংগৃহিত কর কর অঞ্চল-১, ঢাকা এর অনুকূলে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

৩। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে,আয়কর আইন, ২০২৩ এর ১০২ ধারানুযায়ী কোন ব্যাংক বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সঞ্চয়ী আমানত, স্থায়ী আমানত, মেয়াদি আমানত বা অন্য কোন প্রকার আমানতের বিপরীতে কোন সুদ বা মুনাফা পরিশোধ করলে, সুদ বা মুনাফা পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি সুদ বা মুনাফা কোন ব্যক্তির হিসাবে ক্রেডিটের সময় অথবা সুদ বা মুনাফা পরিশোধের সময়, যা পূর্বে ঘটে, নিম্নোক্ত হারে উৎসে কর কর্তন করে সরকারি কোষাগারে জমা করবেন-

| ক্রমিক নং | প্রাপকের ধরণ | কর কর্তনের হার |
|---|---|---|
| ১। | কোম্পানির ক্ষেত্রে | ২০% |
| ২। | কোম্পানি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে | ১০% |
| ৩। | সরকারি বিশ্ববিদ্যালয়, মান্থলি পে-অর্ডারভুক্ত কোন শিক্ষা প্রতিষ্ঠান, চার্টার্ড অ্যাকাউন্টেন্ট বা কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারিজ ইনস্টিটিউটের ক্ষেত্রে | ১০% |
| ৪। | স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত আনুতোষিক তহবিল, অনুমোদিত বার্ধক্য তহবিল ও পেনশন তহবিলের ক্ষেত্রে | ৫% |

তবে এ ধারার কোন কিছুই নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হবে না :-

(ক) সরকার বা সরকারের পূর্বানুমোদনক্রমে তফসিলভুক্ত কোন ব্যাংক কর্তৃক স্পন্সরকৃত কোন ডিপোজিট পেনশন স্কিম হতে উদ্ভূত কোন সুদ বা মুনাফা; বা

(খ) বোর্ড কর্তৃক, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, অন্য কোনভাবে কর অব্যাহতিপ্রাপ্ত কোন নির্দিষ্ট প্রাপক বা প্রাপক শ্রেণি।

এ ধারার উদ্দেশ্য পূরণকল্পে, নাবালকের আইনানুগ অভিভাবকের রিটার্ন দাখিলের প্রমাণ নাবালকের রিটার্ন দাখিলের প্রমাণ হিসাবে গণ্য হবে।

৪। কোম্পানির ক্ষেত্রে উৎসে কর কর্তন বা সংগ্রহের হার ২০% প্রযোজ্য হওয়া সত্ত্বেও কোন কোন ব্যাংকের কোন কোন শাখা অফিসে, তাদের ক্লায়েন্ট কোন কোন সমিতি বা সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ বা স্থানীয় কর্তৃপক্ষ বা স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক উৎসে কর কর্তন বা সংগ্রহের প্রযোজ্য হার ২০% এর স্থলে ১০% হারে উৎসে কর কর্তন বা সংগ্রহের জন্য চাপ প্রয়োগ করা হচ্ছে বলে আমাদের দৃষ্টিগোচর হয়েছে। সেইপ্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানাচ্ছি যে,আয়কর আইন, ২০২৩ এর ২(৩১) ধারানুযায়ী "কোম্পানি" অর্থ কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত অর্থে কোন কোম্পানি, এবং ইহার অন্তর্ভুক্ত হবে-

(ক) বিদেশি কোন প্রতিষ্ঠানের লিয়াজোঁ অফিস, রিপ্রেজেন্টেটিভ অফিস বা ব্রাঞ্চ অফিস;
(খ) যেকোন বিদেশি সত্তা বা ব্যক্তির স্থায়ী কোন প্রতিষ্ঠান;
(গ) বাংলাদেশের বাহিরের কোন দেশের আইন দ্বারা বা আইনের অধীন নিবন্ধিত কোনো সংঘ বা সংস্থা;
(ঘ) যেকোন ব্যাংক, বিমা বা আর্থিক প্রতিষ্ঠান;
(ঙ) যেকোন শিল্প ও বাণিজ্য সংগঠন, ফাউন্ডেশন, সমিতি, সমবায় সমিতি এবং যেকোন শিক্ষা প্রতিষ্ঠান;
(চ) এনজিও বিষয়ক ব্যুরো বা মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির সহিত নিবন্ধিত কোন প্রতিষ্ঠান;
(ছ) কোন ফার্ম, ব্যক্তিসংঘ, জয়েন্ট ভেঞ্চার বা ব্যক্তিবর্গের সংগঠন, উহা যে নামেই অভিহিত হোক না কেন, যদি উক্তরূপ ব্যক্তিবর্গের কেহ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সজ্ঞায়িত অর্থে কোন কোম্পানি বা বিদেশি সত্তা হয়;
(জ) সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, স্থানীয় কর্তৃপক্ষ, স্বায়ত্তশাসিত সংস্থা;
(ঝ) আপাতত বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত বা গঠিত যেকোন সত্তা;
(ঞ) স্বাভাবিক ব্যক্তি, ফার্ম, ব্যক্তিসংঘ, ট্রাস্ট, হিন্দু অবিভক্ত পরিবার ও তহবিল ব্যতীত অন্য সকল সত্তা;
(ট) কোন আইন দ্বারা বা আইনের অধীন নিগমিত নহে, এরূপ কোন বিদেশি সংঘ বা সংস্থা যা, বোর্ড কর্তৃক, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, এ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কোম্পানি হিসাবে ঘোষিত হতে পারে।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৯৩০০ তারিখঃ ২১.০৯.২৩
ডিএমডি- ৩ জিএম
ব্যবস্থাপনা পরিচালক

উপব্যবস্থাপনা পরিচালক-৩ এর সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৫২৪ তারিখঃ ২১.৯.২৩
ডিজিএমঃ বিভাগ-১
উপব্যবস্থাপনা পরিচালক-৩

কাজেই উপর্যুক্ত সংজ্ঞায়িত অর্থে আমানতকারীর মর্যাদা কোম্পানি হলে অনুচ্ছেদ-৩ এর (ক) ও (খ) এ বর্ণিত ক্ষেত্র ব্যতীত সকল ক্ষেত্রেই উৎসে কর কর্তন বা সংগ্রহের হার ২০% প্রযোজ্য হবে।

৫। আয়কর আইন, ২০২৩ এর ১৪২(১) ধারার সাথে পঠিত উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি-১২(১) অনুযায়ী কর কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে, যার নিকট হতে কর কর্তন বা সংগ্রহ করা হবে সেই ব্যক্তি রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপনে ব্যর্থ হলে উৎসে কর কর্তন বা সংগ্রহের হার প্রযোজ্য হার অপেক্ষা ৫০% অধিক হবে।

৬। উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি-৮ অনুযায়ী উৎসে কর্তনকৃত বা সংগৃহিত কর সরকারি কোষাগারে জমা প্রদান করার সময়সীমা নিম্নরূপঃ

| ক্রমিক নং | কর্তন বা সংগ্রহের সময় | সরকারি কোষাগারে জমাদানের তারিখ |
|---|---|---|
| ১। | অর্থ বছরের জুলাই থেকে মে মাসের যেকোন কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে | কর্তন বা সংগ্রহের মাসের শেষে পরবর্তী ২ সপ্তাহের মধ্যে |
| ২। | অর্থ বছরের জুন মাসের ১ থেকে ২০তম দিনের যেকোন কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে | কর্তন বা সংগ্রহের দিনের পরবর্তী ৭ দিনের মধ্যে |
| ৩। | অর্থ বছরের জুন মাসের অন্যান্য যেকোন দিনের কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে | কর্তন বা সংগ্রহের পরবর্তী দিন |

৭। উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি-৯ অনুযায়ী আয়কর আইন, ২০২৩ এর অংশ-৭ এর আওতাধীন উৎসে কর কর্তন বা সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কে বিধি-৮ এ বর্ণিত নির্দিষ্ট সময়ের মধ্যে উৎসে কর্তনকৃত বা সংগৃহিত কর এ-চালানে বা বোর্ড কর্তৃক নির্ধারিত ই-পেমেন্ট এর মাধ্যমে সরকারের কোষাগারে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য যে, ১০২ ধারানুযায়ী উৎসে কর্তনকৃত বা সংগৃহিত কর কর অঞ্চল-১, ঢাকা এর অনুকূলে **1110215102417** কোডে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

৮। আরো উল্লেখ্য যে, উপরে বর্ণিত আইন ও বিধি মোতাবেক উৎসে কর কর্তন ও তা সরকারি কোষাগারে জমা প্রদানের ব্যর্থতায় দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট ব্যক্তিকে আয়কর আইন, ২০২৩ এর ১৪৩ ধারানুযায়ী " খেলাপি করদাতা " হিসাবে গণ্য করার পাশাপাশি নিম্নে বর্ণিত আইনানুগ কার্যক্রম গ্রহণ করার বিধান রয়েছে ঃ

(ক) আয়কর আইন, ২০২৩ এর ১৪৩ ধারানুযায়ী প্রকৃত কর্তনযোগ্য উৎসে করের সমপরিমাণ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট ব্যক্তির নিকট হতে আদায়; অনধিক ১০ লক্ষ টাকা দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট ব্যক্তির নিকট হতে আদায় এবং এছাড়াও উপ-ধারা ১৪৩(৩) অনুযায়ী খেলাপি করদাতা উৎসে কর কর্তন বা সরকারি কোষাগারে জমা প্রদানে ব্যর্থ পরিমাণের উপর প্রতি মাসে ২% হারে অতিরিক্ত পরিমাণ অর্থ পরিশোধের জন্য দায়ী হবেন।

(খ) উৎসে কর কর্তন ও তা সরকারি কোষাগারে জমা প্রদানে ব্যর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর নির্ধারণের সময়- আয়কর আইন, ২০২৩ এর অংশ-৭ এর আওতাধীন উৎসে কর কর্তন বা সংগ্রহে ব্যর্থ সংশ্লিষ্ট সকল ব্যয়কে আয়কর আইন, ২০২৩ এর ৫৬ ধারানুযায়ী বিশেষ ব্যবসা আয় হিসাবে গণ্য করার বিধান রয়েছে।

(গ) আয়কর আইন, ২০২৩ এর ৩১৫ ধারানুযায়ী উৎসে কর কর্তন ও সংগ্রহে ব্যর্থ এবং তা সরকারি কোষাগারে জমা প্রদানে ব্যর্থ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট ব্যক্তিকে ১ বছর পর্যন্ত সশ্রম কারাদন্ড বা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডিত করার বিধান রয়েছে।

এমতাবস্থায়, ভবিষ্যৎ সম্ভাব্য আইনগত জটিলতা এড়ানোর লক্ষ্যে উপরে বর্ণিত আইন ও বিধি মোতাবেক আপনার প্রতিষ্ঠান কর্তৃক আয়কর আইন, ২০২৩ এর ১০২ ধারায় সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত ইত্যাদির উপর প্রদেয় সুদ/মুনাফা হতে উৎসে কর কর্তন বা সংগ্রহপূর্বক তা যথাসময়ে কর অঞ্চল-১, ঢাকা এর অনুকূলে **1110215102417** কোডে সরকারি কোষাগারে জমা প্রদান করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

জাতীয় রাজস্ব আহরণ কার্যক্রমে আপনার সক্রিয় সহযোগিতা একান্তভাবে কাম্য।

আন্তরিকভাবে আপনার

৩০/০৮/২০২৩

(জিনাত আরা)
অতিরিক্ত কর কমিশনার
পরিদর্শী রেঞ্জ-১,
এবং আহ্বায়ক উৎসে কর কর্তন তদারকি কমিটি
কর অঞ্চল-১, ঢাকা
ফোন ঃ ০২-৪৮৩১০৯০৪
ই-মেইল ঃtaxzone1dhk@yahoo.com

ব্যবস্থাপনা পরিচালক/সিইও
বাংলাদেশ কৃষি ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়,
৮৩-৮৫, মতিঝিল, বা/এ, ঢাকা।

নথি নং ৪ই-১/উৎসে কর-১০২/কঅ-১/২০২৩-২০২৪/

তারিখ : ৩০ আগষ্ট, ২০২৩ খ্রিঃ

অনুলিপি ঃ- সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।
১। কর কমিশনার, কর অঞ্চল-১, ঢাকা।

(জিনাত আরা)
অতিরিক্ত কর কমিশনার
পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-১, ঢাকা।